

নম্বর ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০২.২২.৫৩

তারিখ: ২০ মাঘ ১৪২৯

০৩ ফেব্রুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আউট সোর্সিং মাধ্যমে দপ্তরী কাম প্রহরী পদে ভূয়া নিয়োগপত্র ইস্যুকরণ।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৬ সেপ্টেম্বর ২০১৯খ্রি: তারিখের ৩৮.০০২.০১৫.০০.০০.০২৪.২০১০-১২২৭নং পরিপত্র ও মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ১১৯৩৪/২০১৯-এর স্থগিতাদেশ অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আউট সোর্সিং পদ্ধতিতে দপ্তরী কাম প্রহরী পদে নতুনভাবে জনবল নিয়োগের সুযোগ নাই। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পলিসি ও অপারেশন বিভাগ বা অন্য কোন বিভাগ থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আউট সোর্সিং মাধ্যমে দপ্তরী কাম প্রহরী পদে কোন নিয়োগপত্র ইস্যু করা হয় নাই। কতিপয় অসাধু ব্যক্তি, প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে দপ্তরী কাম প্রহরী পদে নিয়োগপত্র ইস্যু করে সাধারণ মানুষকে বিভ্রান্ত করার অপচেষ্টা চালাচ্ছে। এ ধরনের ব্যক্তি, প্রতিষ্ঠানের সন্ধান জানা থাকলে স্থানীয় আইন শৃঙ্খলা বাহিনীর নিকট হস্তান্তর এবং উল্লিখিত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৫-২-২০২৩

মোঃ হামিদুল হক

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফ্যাক্স: 02-9038122

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।]
- ২) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৪) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
- ৫) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।]
- ৬) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)